



সোস্যাল এন্ড ইকোনোমিক ইনহ্যান্সমেন্ট প্রোগ্রাম-সিপ

www.mtcimgzvbwxzgvjv

## Equal Opportunity Policy of SEEP.

সিপ বিশ্বাস করে সমতার ভিত্তিতে কাজ না করলে শিশু অধিকার প্রতিষ্ঠা তথা দারিদ্র দূরিকরণ সম্ভব নয়। বিধায়, সিপের চিন্তায়, চেতনায়, কার্যক্রমে এবং প্রতিষ্ঠানের সর্বস্তরে সমতাকে উৎসাহ দান সহ প্রতিটি স্তরে সমতাকে সম্পৃক্ত করতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ।

### সমতা কি ?

সমতা হচ্ছে প্রতিটি মানুষের স্বীকৃত সম্মান ও মর্যাদা। যা মানবাধিকার, শিশু অধিকার ও সম্পদ ব্যবহারের সুযোগ নিশ্চিত করে। প্রতিটি মানুষের যে আলাদা বৈচিত্র রয়েছে তা নিয়ে চলতে তাকে সহায়তা করার যে মানসিকতা তাই সমতা।

### সমতা একটি মানবাধিকার :

আন্তর্জাতিক মানবাধিকার সনদের অনুচ্ছেদ-১ এ বলা হয়েছে “প্রতিটি মানুষ জন্ম নেয় স্বাধীন সত্ত্বা, সমান মর্যাদা ও অধিকার নিয়ে। যুক্তি ও বিবেচনা বোধ মানুষের জন্মগত বৈশিষ্ট্য। এই সাম্যের ভিত্তিতে প্রত্যেক মানুষের একের অন্যের প্রতি ভাত্ত্বের মনোভাব নিয়ে আচরণ করা উচিত।”

### বৈষম্য কি ?

সিপ মনে করে বৈষম্য হচ্ছে ইচ্ছা করে বা অনিচ্ছাকৃত প্রতিবন্ধকতা সৃষ্টি করা। যা মানুষকে তার স্বীকৃত অধিকার উপভোগ করা থেকে বঞ্চিত করে।

### সিপের চাওয়া :

সিপ শিশুদের জন্য এমন একটি সমাজ তৈরী করতে চায় যেখানে কোন নির্যাতন থাকবে না, শোষণ থাকবে না, বৈষম্য থাকবে না এবং শিশুরা তাদের অধিকার নিয়ে স্বাধীনভাবে বেড়ে উঠতে পারবে। যেখানে শিশুরা সুস্থ, সুন্দর ও বিকশিত জীবন যাপনের সুযোগ লাভ করবে।

### সিপের সমতা নীতিমালার লক্ষ্য :

সিপ-মনে করে সমতা প্রতিটি মানুষের মানবাধিকার। মানুষের জীবনে দীর্ঘস্থায়ী উন্নয়নে সমতার ভিত্তিতে কাজ করা প্রয়োজন। অসমতাকে কমিয়ে আনতে না পারলে টেকসই উন্নয়ন সম্ভব নয়। কাজেই আমাদের সমতার লক্ষ্য অসমতাকে কমিয়ে আনা।

### সমতার উদ্দেশ্য :

সিপের সকল কাজ, নীতিমালা, পরিকল্পনা, কর্মসূচী, ব্যবস্থাপনা ও যোগাযোগ সহ সকল ক্ষেত্রে সমতাকে অনুধাবন ও বিবেচনা করা।

সিপে কর্মরত সকলকে একটি কাঠামোর মধ্যে বিবেচনা করা যেখানে সবাই সচেতন ভাবে সমতাকে আদর্শ হিসাবে গ্রহণ করবে এবং কর্ম জীবনে এর চর্চা অব্যাহত রাখবে। সমতার ক্ষেত্রে সিপের কর্মী যেন উদাহরণ সৃষ্টি করতে পারে এমন মানসিকতা ধারণ করে কাজ করা।

### সমতা প্রতিষ্ঠার ক্ষেত্রে সিপের নিয়ম ও আদর্শ :

সিপের সকল কাজে অংশগ্রহণমূলক এবং সহমর্মী মনোভাবের প্রয়োজন। যেখানে যার অংশগ্রহণের সুযোগ রয়েছে সেখানে তার অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করতে হবে।

আমাদের প্রতিটি কাজে সমতার সংস্কৃতি গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। যেন সিপের সাথে সম্পৃক্ত সবাই জানবে সিপ প্রতিটি কার্যক্রমে, চিন্তায়, চেতনায় সমতার ভিত্তিতে কাজ করে। সিপ সকল ধরনের বৈষম্য ও শোষণকে চ্যালেঞ্জ করে, সকল মানুষের প্রতি সম্মান এবং তাদের ক্ষমতায়নকে শ্রদ্ধা করে।

### নীতিমালার প্রয়োগ :

অনেক সময় দেখা যায় সংগঠনে সমতার বিষয়টি অন্যান্য কাজের চেয়ে কম গুরুত্ব পাচ্ছে। সে জন্য সিপে কর্মরত সবাইকে সমতার বিষয়টিকে সচেতন ভাবে অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। এই নীতিমালার প্রয়োগ করতে হবে কর্মপরিকল্পনায়, সিদ্ধান্ত গ্রহণে, বাস্তবায়নে এবং মূল্যায়ন পর্যন্ত। এ রকম যদি মনে হয় যে, কোথাও বৈষম্যের সৃষ্টি হয়েছে তাৎক্ষণিক ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ভাবে সমতার চর্চা করলে সমতার সংস্কৃতি গড়ে উঠবে এবং সমতাকে প্রতিষ্ঠানের মূল ধারায় গ্রহণ করা হবে।

### কর্মসূচী :

- সিপের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে সকল কার্যক্রম সমতা নীতিমালা অনুসরণ করে প্রণীত হবে।
- প্রকল্প পর্যায়ে বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে।
- প্রকল্প অংশগ্রহণকারী বা প্রকল্পের সুবিধা-ভোগীদের মধ্যে বিষয়টি বিস্তার করা হবে।
- কর্মরত কর্মীদের ওরিয়েন্টেশনের মাধ্যমে বিষয়টি অবগত করা হবে।
- ক্ষমতার অসম বন্টন বা বৈষম্য যাতে কোন ভাবেই জোরদার হতে না পারে সেদিকে সকলেই সচেতন থাকবে কারণ সিপ অধিকার অর্জনের জন্য কার্যক্রম বাস্তবায়ন করে থাকে।

সমতা নীতিমালা বাস্তবায়নের ক্ষেত্রে যোগাযোগ একটি অপরিহার্য উপাদান। আমাদের বিভিন্ন যোগাযোগ মাধ্যম ও উপকরণে সমতার কথা থাকবে। সিপের উচ্চপদস্থ বা নীতি নির্ধারনী পর্যায়ে থেকে সমতাকে সংগঠনের মূল ধারায় গ্রহণ করে বাস্তবায়নে বদ্ধপরিকর থাকবে।